# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৭৬]

১৬/ (প্রার্থনামূলক) দো‘আসমূহ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ২৫০: দো‘আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কতিপয় দো‘আর নমুনা

(250) بَابُ فَضْلِ الدُّعَاءِ

আরবী

وَعَنْ أَبي مُوسَى رضي الله عنه، عَنِ النَّبيِّ صلى الله عليه وسلم: أَنَّه كَانَ يَدْعُو بِهَذَا الدُّعَاءِ: «اَللهم اغْفِرْ لِي خَطِيئَتِي وَجَهْلِي، وَإِسرَافِي فِي أَمْرِي، وَمَا أَنْتَ أَعْلَمُ بِهِ مِنّي، اَللهم اغْفِرْ لِي جِدِّي وَهَزْلِي ؛ وَخَطَئِي وَعَمْدِي ؛ وَكُلُّ ذَلِكَ عِنْدِي، اَللهم اغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَّرْتُ، وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ، وَمَا أَنتَ أَعْلَمُ بِهِ مِنّي، أَنْتَ المُقَدِّمُ، وَأَنْتَ المُؤَخِّرُ، وَأَنْتَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ». متفق عَلَيْهِ

বাংলা

১২/১৪৮৪। আবূ মুসা আশআরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই দো‘আ পড়তেন,

’আল্লা-হুম্মাগফির লী খাত্বীআতী অজাহলী অইসরা-ফী ফী আমরী, অমা আন্তা আ’লামু বিহী মিন্নী। আল্লা-হুম্মাগফির লী জিদ্দী অহাযলী অখাত্বাঈ অআম্দী, অকুল্লু যা-লিকা ইন্দী। আল্লা-হুম্মাগফিরলী মা ক্বাদ্দামতু অমা আখখারতু অমা আসরারতু অমা আ’লানতু অমা আন্তা আ’লামু বিহী মিন্নী, আন্তাল মুক্বাদ্দিমু অ আন্তাল মুআখখিরু অআন্তা আলা কুলি শাইয়িন ক্বাদীর।’

অর্থাৎ হে আল্লাহ! তুমি আমার পাপ, মুর্খামি, কর্মে সীমালঙ্ঘনকে এবং যা তুমি আমার চেয়ে অধিক জান, তা আমার জন্য ক্ষমা করে দাও। আল্লাহ গো! তুমি আমার অযথার্থ ও যথার্থ, অনিচ্ছাকৃত ও ইচ্ছাকৃত-ভাবে করা পাপসমূহকে মার্জনা করে দাও। আর এই প্রত্যেকটি পাপ আমার আছে।

হে আল্লাহ! তুমি আমাকে মার্জনা কর, যে অপরাধ আমি পূর্বে করেছি এবং যা পরে করেছি, যা গোপনে করেছি এবং যা প্রকাশ্যে করেছি এবং যা তুমি অধিক জান। তুমিই অগ্র-সরকারী ও তুমিই পশ্চাদপদকারী এবং তুমি প্রতিটি বস্তুর উপর ক্ষমতাবান। (বুখারী ও মুসলিম) [1]

## English

(250) Chapter: Issues regarding Supplications, their Virtues and Supplications of the Prophet (pbuh)

Abu Musa (May Allah be pleased with him) reported:

The Prophet (ﷺ) used to supplicate: "Allahumm-aghfir li khati'ati, wajahli, wa israfi fi amri, wa ma Anta a'lamu bihi minni. Allahumm-aghfir li jiddi wa hazli, wa khata'i wa 'amdi, wa kullu dhalika 'indi. Allahumm-aghfir li ma qaddamtu wa ma akhkhartu, wa ma asrartu, wa ma a'lantu, wa ma Anta a'lamu bihi minni. Antal-Muqaddimu, wa Antal-Mu'akhkhiru; wa Anta 'ala kulli shai'in Qadir (O Allah! Forgive my errors, ignorance and immoderation in my affairs. You are better aware of my faults than myself. O Allah! Forgive my faults which I committed in seriousness or in fun deliberately or inadvertently. O Allah! Grant me pardon for those sins which I committed in the past and I may commit in future, which I committed in privacy or in public and all those sins of which You are better aware than me. You Alone can send whomever You will to Jannah, and You Alone can send whomever You will to Hell-fire and You are Omnipotent)."

[Al-Bukhari and Muslim].

Commentary: The Prophet (PBUH) was sinless but still he prayed earnestly to Allah for the forgiveness of his shortcomings. In fact, he did so to educate his followers. This prayer is an expression of one's utter humbleness and sincere repentance of sins.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৩৯৮, ৬৩৯৯, মুসলিম ২৭১৯, আহমাদ ১৯২৩৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27174

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন